



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র নতুন ব্যবস্থাপনা পরিচালক দিদার মোঃ আবদুর রব



সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে দিদার মোঃ আবদুর রব-কে পদোন্নতি দিয়ে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)-এ পদায়ন করায় তিনি প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেন। তৎপূর্বে তিনি সোনালী ব্যাংক লিমিটেড-এ আড়াই বছর যাবৎ উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে কর্মরত ছিলেন। এ সময়ে প্রায় তিন মাস যাবৎ একই ব্যাংকের সিইও এন্ড এমডি এর অতিরিক্ত দায়িত্ব পালন করেন।

দিদার মোঃ আবদুর রব নোয়াখালী জেলার সুধারাম থানার হুগলী গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর ১৯৮২ সালে অনুষ্ঠিত বিআরসি পরীক্ষায় মেধা কোটায় ১৬তম স্থান অর্জন করে ০৮.০৬.১৯৮৩ তারিখ থেকে সিনিয়র অফিসার হিসেবে সোনালী ব্যাংকে কর্মজীবন শুরু করেন। তিনি ১৯৮৫ সালে ব্যাংকিং ডিপ্লোমায় ২য় পর্বের দুইটি পরীক্ষায় সম্মিলিত ফলাফলে ১ম স্থান অধিকার করে বিসিসিআই স্বর্ণপদক ও বাংলাদেশ ব্যাংক রৌপ্যপদক প্রাপ্ত হন।

৩৩ বছর ৫ মাস ২০ দিনের চাকুরিকালের মধ্যে তিনি ৫টি শাখায় শাখা প্রধান (জেলা শাখা ৪টি ও উপজেলা শাখা ১টি), ৩টি প্রিন্সিপাল অফিস প্রধান ও ২টি জেনারেল ম্যানেজার্স অফিস প্রধান হিসেবে এবং ঢাকাস্থ লোকাল অফিসসহ মাঠ পর্যায়ে মোট চাকুরিকালের ৯৫% সময়কাল সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। তিনি চাকুরিকালে ব্যাংকের বিভিন্ন বিভাগ ও শাখায় গুরুত্বপূর্ণ কাজ ও দায়িত্ব পালনের স্বীকৃতি স্বরূপ একাধিকবার ব্যাংক কর্তৃক পুরস্কৃত ও প্রশংসিত হন।

ব্যাংকিং কর্মকাণ্ডের উপর দেশ-বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, সেমিনার ও ওয়ার্কশপে তিনি অংশগ্রহণ করেন। তাছাড়া, ব্যাংকের স্টাফ কলেজ ও ট্রেনিং ইনস্টিটিউটের সফল প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। Indo-Bangla Joint Business Council (IBJBC) এর আওতায় Banking Sub Group (BSG) এর ১২তম সভায় এবং ১৩তম সভায় বাংলাদেশের সকল ব্যাংকের পক্ষে তিনি বাংলাদেশ টিমের গ্রুপ লিডার হিসেবে দুই বছর যাবৎ দায়িত্ব পালন করছেন।